অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

অধিবেশন শেষ হওয়ার আগে অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা নিষিদ্ধকরণের উদ্দেশ্যে একজোট হয়েছেন গভর্নর কুওমো এবং অ্যান্ডি কোহেন

লেসবিয়ান, সমকামী, উভকামী, ট্রান্সজেন্ডার ও কুইয়ারদের (LGBTQ) অ্যাডভোকেসি গ্রুপ গভর্নর কুওমো'র ক্রমবর্ধমান প্রচারাভিযানের সাথে যোগ দিয়েছেন

অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান সমলিঙ্গের দম্পতি এবং বন্ধ্যাত্ব এবং বন্ধ্যাত্বের শিকার দম্পতিদের সহায়তামূলক প্রজননের মাধ্যমে সন্তান ধারণের সুযোগ করে দেবে

সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা নিষিদ্ধকরণ সহিংস অপরাধে অভিযুক্ত ব্যক্তিদের আদালতে সম্ভাব্য সুরক্ষার কৌশল হিসাবে সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কের ব্যবহার প্রতিরোধ করবে

উভয় প্রস্তাব গভর্নরের নির্বাহী বাজেটের অংশ হিসাবে এগিয়ে নেয়া হয়

ব্রাভো টেলিভিশন (Bravo TV) প্রযোজক এবং নিমন্ত্রণকারী অ্যান্ডি কোহেনের সাথে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো 19 শে জুন আইনসভার অধিবেশন শেষ হওয়ার আগে অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা নিষিদ্ধকরণের উদ্দেশ্যে একজোট হয়েছেন। উভয় বিল গভর্নরের FY 2020 নির্বাহী বাজেটে প্রস্তাব করা হয়, তবে আইন পরিষদে তা গৃহীত হয়নি, এবং বাজেটের বাইরে অধিবেশনের অবশিষ্ট সময়ে তা বিবেচনার জন্য অনিষ্পন্ন রাখা হয়। 30 শে মে গভর্নর অধিবেশন শেষ হওয়ার আগে দু'টি প্রস্তাব পাসের জন্য একটি প্রচারাভিযান এবং ওয়েবসাইট চালু করেন এবং LGBTQ এর সমর্থনকারী দলগুলি গভর্নরের ক্রমবর্ধমান জোটে যোগ দিচ্ছে।

"LGBTQ সাম্যের ক্ষেত্রে আন্তর্জাতিক নেতা না হলেও আমরা জাতীয় নেতা – কিন্তু আমাদের এখনো আরও কিছু করার রয়েছে", **গভর্নর কুওমো বলেন।** "আইনসভার অধিবেশন আর মাত্র সাত দিন বাকি থাকলেও, এখনো আমাদের দু'টি গুরুত্বপূর্ণ বিষয় পাস করা বাকি রয়েছে – অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা নিষিদ্ধকরণ এবং আমাদের এখন এই কাজ সম্পন্ন করতে হবে, কারণ নিউইয়র্ক হল দেশের বৈচিত্র্যময়তার রাজধানী এবং আমরা বিশ্বাস করি যে, বৈচিত্র্য আমাদের সর্বশ্রেষ্ঠ শক্তি। আমরা এটাতে সম্মানিত বোধ করি, আমরা এটাতে ভয় পাই না। আমরা বিশ্বাস করি যে সবচেয়ে

শক্তিশালী চার অক্ষরের শব্দ হল প্রেম (love), এবং আমরা প্রেম, কমিউনিটি, স্বীকৃতি, সহনশীলতার পক্ষে দাঁড়াতে যাচ্ছি, এবং আমরা এ দেশকে এগিয়ে যাওয়ার পথ দেখাচ্ছি। এসব প্রস্তাব পাস করে নিউইয়র্ককে আবারও পথের নেতৃত্বে নিয়ে যাওয়ার মাধ্যমে বিশ্ব গৌরবের সুচনার এটিই সর্বোত্তম উপায়।"

"নিউইয়র্ক হল LGBTQ এর অধিকার আন্দোলনের সূতিকাগার, এবং আমরা আমাদের প্রচেষ্টার মাধ্যমে সবার সমান অধিকার এবং সুরক্ষার পথে নেতৃত্ব দিচ্ছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "লিঙ্গ প্রকাশে বৈষম্যহীনতা আইন (Gender Expression Non-Discrimination Act, GENDA) এবং রূপান্তর থেরাপি নিষিদ্ধ করার বিধান এখন অঙ্গরাজ্যের আইন হওয়ায় আমরা ন্যায়বিচার ও সমতা নিশ্চিত করতে দক্ষেপ গ্রহণ করছি - তবে আমাদের কাজ এখনো শেষ হয়নি। অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা নিষিদ্ধকরণ LGBTQ ব্যক্তিদেরকে তাদের পরিবার সম্প্রসারণে এবং ঘৃণা ও সহিংসতা থেকে তাদের সুরক্ষা নিশ্চিত করায় আমাদের প্রচেষ্টাকে আরও জোরদার করবে।"

অ্যান্ডি কোহেন বলেন, "আজ গভর্নর কুওমো'র পাশে দাঁড়িয়ে এবং LGBTQ কমিউনিটির পক্ষে তার অসাধারণ কাজকে স্বীকৃতি দিয়ে আমি অত্যন্ত গর্বিত। বিয়ের ক্ষেত্রে সাম্য থেকে শুরু করে GENDA পর্যন্ত প্রতিনিধিত্বের ক্ষেত্রে নিষেধাজ্ঞার অবসানে গভর্নর কুওমো নিউইয়র্ককে দেশের প্রগতিশীলতার রাজধানী হিসাবে ধরে রাখা নিশ্চিত করছেন। যখন আধুনিক চিকিৎসাবিজ্ঞান প্রতিদিন নতুন অলৌকিক কাজ করে চলেছে, এবং যখন আমরা ব্যাপকভাবে একমত যে পরিবার গঠনের একমাত্র পূর্বশর্ত হল প্রেম, সেই 2019 সালে কাউকে শিশু লালনের আনন্দ থেকে বঞ্চিত করা ঠিক হবে না। "আমি শিশু ও বাবামার নিরাপত্তা বিধির আইনে পরিণত হওয়ার অপেক্ষায় রয়েছি, যাতে নিউইয়র্কের আধুনিক পরিবারগুলির পরিবার গঠন করার ক্ষেত্রে স্বাধীনতা ও সুরক্ষার ব্যবস্থা থাকে, তা যেভাবেই তৈরি হোক না কেন।"

অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান

অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান সমলিঙ্গের এবং বন্ধ্যা দম্পতিদের অগ্রসর চিকিৎসা দ্বারা সহায়তামূলক প্রজননের মাধ্যমে সন্তান ধারণের সুযোগ প্রদান করে। অঙ্গরাজ্যের বর্তমান আইন কেবল অন্যের পক্ষে গর্ভধারণকে নিষিদ্ধ করে না, বরং প্রজনন প্রযুক্তির মাধ্যমে সন্তান জন্মের ক্ষেত্রে আইনি পিতামাতা কে তা পরিষ্কারভাবে ব্যাখ্যা করতে ব্যর্থ হয়। নিউইয়র্কের প্রজনন স্বাস্থ্য আইনের অন্তর্ভুক্তি সম্প্রসারণে গভর্নর FY 2020 নির্বাহী বাজেটে অন্যের পক্ষে গর্ভধারণ চুক্তির নিষেধাজ্ঞা তুলে নিয়ে আইন প্রণয়নের প্রস্তাব করেছিলেন যা সমস্ত পক্ষের জন্য সুরক্ষাও নিশ্চিত করবে।

সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত সুরক্ষা নিষিদ্ধকরণ

বর্তমান সমকামী এবং ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা LGBTQ ব্যক্তিদের বিরুদ্ধে সহিংস অপরাধের জন্য দায়ী ব্যক্তিদেরকে কম শাস্তি প্রাপ্তির সুযোগ করে দেয় এবং এমনকি কিছু ক্ষেত্রে ভুক্তভোগী ব্যক্তির প্রকৃত বা অনুভূত যৌন অভ্যাস বা লিঙ্গ পরিচিতির উপর দোষারোপ করে দোষী সাব্যস্ত হওয়া থেকে তাকে রেহাই প্রদান করে। এই বিলের উত্তরণ অঙ্গরাজ্যের আইনের ফাঁক-ফোকর বন্ধ করে দেবে, যা বর্তমানে সংশ্লিষ্ট ব্যক্তিদের ভুক্তভোগী ব্যক্তির লিঙ্গ, লিঙ্গ পরিচয়, বা

যৌন অভ্যাস সম্পর্কে ধারণা লাভের, বা জানার পর সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা ব্যবহার করে অন্যকে আক্রমণ করার অনুমোদন প্রদান বন্ধ করে দেবে।

সিনারা চার্লস-পিয়েরে বলেন, "বন্ধ্যাত্বের সাথে লড়াই করার সময় যেসব ব্যথা ও হতাশার মধ্য দিয়ে যেতে হয় তা ভাষায় প্রকাশ করা আমার জন্য কঠিন, কিন্তু আমার গল্প নিউইয়র্ক এবং সারা দেশে নারীদের জন্য কোনো একক গল্প নয়। এটি একটি সংগ্রাম যা প্রতিনিধিত্ব যে আমাদের একমাত্র বিকল্প সেটা নির্ধারণের আগে আমাদের মধ্যে অনেককেই সে অভিজ্ঞতা অর্জন করতে হয়। এ বিষয়ে অসাধারণ নেতৃত্বের জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই, যা বহু নিউইয়র্কবাসীকে এই পৃথিবীতে সন্তান গ্রহণের আনন্দ উপভোগ করার সুযোগ করে দেবে, তা যেভাবেই হোক না কেন।"

নিউ ইয়র্ক শহরের LGBT কমিউনিটি সেন্টারের নির্বাহী পরিচালক গ্লেন্ডা টেস্টোন বলেন, "স্টোনওয়াল আন্দোলনের এই 50 তম বার্ষিকীতে বিশ্ব LGBTQ অধিকার আন্দোলনের ঐতিহাসিক নেতৃত্বের জন্য নিউইয়র্ককে স্বীকৃতি দিচ্ছে এবং পদক্ষেপ গ্রহণের মাধ্যমে আমাদের নেতৃত্ব প্রমাণ করা আমাদের আইন প্রণেতাদের দায়িত্ব। ট্রান্সজেন্ডার 'অতঙ্ক' ভিত্তিক সুরক্ষা নিষিদ্ধ করার মাধ্যমে নিউইয়র্ককে অবশ্যই LGBTQ সদস্যদের জন্য ন্যায়বিচার প্রতিষ্ঠার কাজ এগিয়ে নিতে হবে, যাতে LGBTQ সদস্যদের বিরুদ্ধে সংঘটিত সহিংসতার জন্য তাদেরকে আর ঘৃণাজনিত অপরাধের শিকার হতে না হয়। এবং আমাদের অবশ্যই প্রতিনিধিত্ব আইনসিদ্ধ করে নিউইয়র্কের আইনকে আধুনিকীকরণ করতে হবে যাতে বাবামা হওয়ার ক্ষেত্রে LGBTQ পরিবারসমূহের অনেককেই বর্তমানে যে প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হয় সেই দীর্ঘ, হস্তক্ষেপমূলক প্রক্রিয়া থেকে তারা মুক্ত হতে পারে। আমরা এ বছর নাগরিক ও মানবাধিকারের ক্ষেত্রে চ্যাম্পিয়ন হিসাবে আমাদের অঙ্গরাজ্যের অবস্থানকে জোরদার করার সুযোগ নষ্ট করতে পারি না।"

হিউম্যান রাইটস ক্যাম্পেইন (Human Rights Campaign) এর জাতীয় ফিল্ড ডাইরেক্টর মার্টি রোজ বলেন, "নিউইয়র্ক প্রায়ই সমতার জন্য লড়াই এর নেতৃত্বে থাকে। আমাদের নেতৃত্বের কাছে এই স্পষ্ট বার্তা পাঠানো অত্যন্ত গুরুত্বপূর্ণ যে LGBTQ-বিরোধী সহিংসতার পক্ষে কোনো যুক্তি নেই এবং সব বাবামার বাধাহীনভাবে পরিবার চালু করার নিশ্চিত সুযোগ রয়েছে। তথাকথিত LGBTQ আতঙ্কজনিত সুরক্ষা নিষিদ্ধ করা এবং প্রতিনিধিত্ব সংক্রান্ত আইনসমূহের আধুনিকীকরণ করা LGBTQ সদস্য এবং তাদের পরিবারের জন্য এম্পায়ার স্টেট আরও নিরাপদ এবং বন্ধুত্বপূর্ণ হবে - এবং আমরা এসব গুরুত্বপূর্ণ বিষয়ে গভর্নর কুওমো, আইন প্রণেতা এবং কর্মীদেরকে তাদের সাহসী নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই।"

ট্রেভর প্রকল্পের (The Trevor Project) অ্যাডভোকেসি এবং সরকার বিষয়ক প্রধান স্যাম ব্রিনটন বলেন, "LGBTQ যুবা, এবং বিশেষত অশ্বেতাঙ্গ তরুণী ট্রান্সজেন্ডার সদস্যদের রাস্তায় হাঁটার সময় মনের একান্ত ভয়ের অনুভূতিজনিত সংকটের সময় ট্রেভর প্রজেক্টের সাথে যোগাযোগ করেন। 'সমকামী আতঙ্ক' ভিত্তিক সুরক্ষা দূরকারী আইনসমূহ আমাদেরকে এটা স্মরণ করিয়ে দেয় যে, নিউইয়র্কে যৌন অভ্যাস বা লিঙ্গ পরিচয় ভিত্তিক সহিংসতার কোনো স্থান নেই।"

2013 সালে হত্যার শিকার এবং যার উপর হামলাকারীরা ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা ব্যবহার করেছিল সেই ইসলান নেটলস এর মা ডেলোরস নেটলস বলেন, "গোঁড়া ব্যক্তিদের জন্য সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা হিংসাত্মক ব্যক্তিদের জঘন্য অপরাধ থেকে নিষ্কৃতি পাওয়ার ক্ষেত্রে একটি ন্যাক্কারজনক অজুহাত, এবং নিউইয়র্ক অঙ্গরাজ্যে এর কোনো স্থান নেই। কোনো ঘৃণাজনিত অপরাধে সন্তান হারানো যে কোনো বাবামাকে এই ভয় পেতে হয় না যে, তাদের সন্তানের আক্রমণকারী পক্ষপাতদুষ্ট ফাঁক-ফোকরের কারণে কম শাস্তি পাবে বা এমনকি মুক্তি পেয়ে যাবে। আমি কৃতজ্ঞ যে গভর্নর কুওমো এসব সুরক্ষা নিষিদ্ধ করার প্রচেষ্টায় এবং নিউ ইয়র্ককে নিরাপদ, LGBTQ কমিউনিটির জন্য আরও বেশি ন্যায্য স্থান করার তার প্রতিশ্রুতিতে নেতৃত্ব দিচ্ছেন।"

গে মেনস হেলথ ক্রাইসিস (Gay Men's Health Crisis) এর প্রধান নির্বাহী কেলসি লুইয়ি বলেন, "গর্বের মাস উদযাপন করার মাধ্যমে আমরা নিউইয়র্কবাসী LGBT সদস্যদের জন্য পরিবর্তন নিয়ে আসতে অ্যালবানিতে একটি নির্দিষ্ট সময়সীমার দিকে এগিয়ে যাচ্ছি। নিউইয়র্ক অঙ্গরাজ্যের আইনসভাকে পদক্ষেপ গ্রহণের মাধ্যমে স্টোনওয়ালের 50 তম বার্ষিকীর প্রতি শ্রদ্ধা জানানোর আহ্বান জানাতে আজ গে মেনস হেলথ ক্রাইসিস নিউইয়র্ক অঙ্গরাজ্যের গভর্নর অ্যান্ড্রু কুওমো এবং অংশীদার সংগঠনসমূহের সাথে যোগ দিয়েছে। আমরা প্রতিনিধিত্ব সম্পর্কিত নিষ্ঠুর আইন এবং তথাকথিত সমকামী ও ট্রান্সজেন্ডার 'আতঙ্ক' ভিত্তিক সুরক্ষা বাতিলের দাবির প্রতিধ্বনি করছি। সম-লিঙ্গের দম্পতিসহ নিউইয়র্ক অঙ্গরাজ্যের প্রত্যেকেই তাদের জন্য অর্থবহ উপায়ে পরিবার গঠন করার অধিকার পাওয়ার যোগ্য। এবং ট্রান্সজেন্ডার সদস্যদের, বিশেষ করে অশ্বেতাঙ্গ ট্রান্সজেন্ডার সদস্যদের ক্ষতিগ্রস্ত না হয়ে আইনের আওতায় নিরাপদ বোধ করার এবং সুরক্ষিত হওয়ার অধিকার রয়েছে। LGBT কমিউনিটিগুলোর জন্য প্রয়োজনীয় আইন প্রণয়নের কাজ এগিয়ে নেয়ার ক্ষেত্রে নিউইয়র্ক অঙ্গরাজ্যের জোরালো ভূমিকার ইতিহাস রয়েছে এবং আমরা এই দু'টি গুরুত্বপূর্ণ বিষয়ে আবারো তেমন কিছু করার জন্য আইনসভার প্রতি আহ্বান জানাই।"

অ্যাকারম্যান ইনস্টিটিউটের (Ackerman Institute) জেন্ডার অ্যান্ড ফ্যামিলি প্রজেক্টের (The Gender & Family Project) প্রতিষ্ঠাতা ও পরিচালক জিন মালপাস বলেন, "স্টোনওয়াল বিদ্রোহের 50 তম বার্ষিকী স্মরণ করার সময় নিউইয়র্কবাসী LGBTQ সদস্যদের জন্য মৌলিক সংস্কার করে আইন প্রণয়ন করা আমাদের জন্য আবশ্যক। আমাদের অঙ্গরাজ্যের অন্যের পক্ষে গর্ভধারণের ক্ষেত্রে আইনি নিষেধাজ্ঞা এবং সমকামী ও ট্রান্সজেন্ডার সদস্যজনিত অপরাধের আইনি বৈধতা লজ্জাজনক, যার ভিত্তি এত সেকেলে বিশ্বাসজনিত যে বহু আমেরিকানের জন্য অব্যাহত কষ্টের কারণ। আমরা সমতার প্রতি অব্যাহত প্রতিশ্রুতির জন্য গভর্নর কুওমোর প্রশংসা করি।"

মেন হ্যাভিং বেবিস (Men Having Babies) এর নির্বাহী পরিচালক রন পুল-দেয়ান (Ron Poole-Dayan) বলেন, "CPSA অনন্যভাবে মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপ এবং এশিয়া জুড়ে LGBT পরিবারসমূহের সমিতির অনুমোদিত নৈতিক বিধি অনুসরণ করে। আমরা একারণে গর্বিত এবং অনুপ্রাণিত যে গভর্নর কুওমো এ বিষয়ে নেতৃত্ব দিচ্ছেন। সমকামী এবং ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত সুরক্ষার অবসানের পাশাপাশি এগুলোই LGBTQ কমিউনিটির পূর্ণ সাম্য অর্জনের জন্য গুরুত্বপূর্ণ উপাদান। আইনসভাকে এখন অবশ্যই তার নেতৃত্ব অনুসরণ করে আইনসভার অধিবেশন শেষ

হওয়ার আগেই সে অনুযায়ী কাজ করতে হবে, অন্যথায় নিউইয়র্ক LGBTQ অধিকারের বিষয়ে এগিয়ে যাওয়ার পরিবর্তে পশ্চাদ্ধাবনের ঝুঁকিতে পড়ে যাবে।"

LGBT নেটওয়ার্কের প্রেসিডেন্ট ডেভিড কিল্মনিক, পিএইচডি বলেন, "নিউইয়র্ক অঙ্গরাজ্য LGBTQ কমিউনিটির জন্য দীর্ঘদিন ধরে আশার আলো হয়ে উঠেছে, এবং অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা নিষিদ্ধকরণের জন্য লড়াই করে গভর্নর কুওমো সেই ঐতিহ্যকে অব্যাহত রেখেছেন। দেশের LGBTQ কমিউনিটির জন্য সবচেয়ে বড় শহরতলির ধারক হিসাবে আমরা সব নিউইয়র্কবাসীর পরিবারকে পরিবার গঠনের অধিকার সংক্রান্ত আমেরিকার স্বপ্ন নিশ্চিত করতে নিরলসভাবে লড়াই করছি। গভর্নর কুওমো এসব গুরুত্বপূর্ণ বিষয়ের গুরুত্ব স্বীকার করেন যা নিউইয়র্কবাসী LGBTQ সদস্যদের বৃহত্তর সাম্য নিয়ে আসবে। আমরা এমন এক নেতার সাথে বসবাস করতে পেরে গর্বিত, যিনি সবার সম-অধিকারের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউইয়র্ক নগরী সহিংসতা-বিরোধী প্রকল্পের (New York City Anti-Violence Project) নির্বাহী পরিচালক বেভারলি টিলারি বলেন, "নিউইয়র্ক অঙ্গরাজ্যকে অবশ্যই অধিবেশন শেষ হওয়ার আগে অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা নিষিদ্ধ করতে হবে। আমরা আমাদের আদালতে এই সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত সুরক্ষা ব্যবহার করাটা মেনে নিতে পারি না। সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা দাবি করার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তিরা ভুক্তভোগীকে তাদের পরিচয়ের কারণে দোষী করে নিজেদের সহিংসতাকে যুক্তিযুক্ত করে তুলছে মাত্র। এসব বিল অঙ্গরাজ্য জুড়ে নিউইয়র্কের জীবনযাপন প্রক্রিয়া বদলে দেবে, তবে আইনসভার নিষ্ক্রিয়তায় দুখঃজনক সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত সুরক্ষা বহাল থাকবে এবং সমলিঙ্গের দম্পতিদের তাদের সম্ভাব্য সেরা উপায়ে পরিবার গঠনের সক্ষমতা প্রত্যাখ্যান করা হবে। আমাদের অঙ্গরাজ্যের যৌন অভ্যাস বা লিঙ্গ পরিচয় নির্বিশেষে সবার জন্য ন্যায়বিচার প্রতিষ্ঠার কাজ এগিয়ে নেয়ার ক্ষেত্রে জাতীয় নেতৃত্ব প্রদান অব্যাহত রাখতে আমাদের অবশ্যই এই পদক্ষেপ নিতে হবে।"

জাতীয় বন্ধ্যাত্ব সমিতি (The National Infertility Association, RESOLVE) এর বোর্ড সদস্য রাইজ লেভিন বলেন, "নিউইয়র্কের বন্ধ্যা পরিবারগুলোর জন্য তাদের পরিবারের ঘনিষ্ঠ নিজেদের ডাক্তার ব্যবহার করে নিরাপদভাবে পরিবার গঠনের সুযোগ প্রয়োজন। নিউইয়র্কবাসীদের পরিবার গঠনের সমস্ত বিকল্পের সুবিধা গ্রহণে পশ্চাদ্বর্তী বিধিনিষেধ তুলে নেয়ার এখনই সময়। আমরা এই প্রয়োজনের প্রতি স্বীকৃতি দানের জন্য গভর্নর কুওমো এবং নিউইয়র্কে ক্ষতিপূরণ সাপেক্ষ অন্যের পক্ষে গর্ভধারণ বৈধকরণে তার নেতৃত্বর প্রতি অত্যন্ত কৃতজ্ঞ।"

এইডস সম্পর্কিত ল্যাটিন কমিশনের (Latino Commission on AIDS) সভাপতি গুইলেমার চাকান বলেন, "গভর্নর কুওমো স্বীকার করেন যে সমকামী এবং ট্রান্সজেন্ডার অধিকার মানবাধিকারের অন্তর্গত, এবং তিনি LGBTQ কমিউনিটির জন্য বর্তমানের কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে তার লড়াই চালিয়ে যাচ্ছেন। আইনসভার কাছে এই দু'টি গুরুত্বপূর্ণ বিষয়ে পদক্ষেপ দাবি করার ক্ষেত্রে আজ গভর্নরের সাথে যোগ দিয়ে আমি গর্বিত। সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত সুরক্ষা নিষিদ্ধকরণের মাধ্যমে আমরা সবার জন্য সত্যিকারের সমান নিউইয়র্ক তৈরির দিকে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এগিয়ে নিচ্ছি।"

ক্যারিবীয় সমতা প্রকল্পের (Caribbean Equality Project) প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মোহাম্মদ কিউ আমিন বলেন, "এটা লজ্জাজনক যে 2019 সালে আমাদের আইনসভার নেতারা এই মান্ধাতার আমলের ও বৈষম্যমূলক আইন অপসারণের পদক্ষেপ নেননি। এই মহান অঙ্গরাজ্য LGBTQ কমিউনিটির জন্য সাম্য আনতে যে অগ্রগতি অর্জন করেছে 'সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত সুরক্ষা' সেটাকে ক্ষতিগ্রস্ত করে আমাদেরকে কেবল পিছনে ধরে রাখতে চায়। নিউইয়র্কবাসী LGBTQ সদস্যদের অধিকার আদায়ে অগ্রগতি অর্জনের জন্য গভর্নর কুওমো যা করেছেন সেজন্য আমি তাকে ধন্যবাদ জানাই। LGBTQ-বিরোধী প্রেরণায় ঘৃণাজনিত সহিংসতার বিরুদ্ধে দ্ব্যর্থহীনভাবে দাঁড়িয়ে কুইয়ার এবং ট্রান্সজেন্ডার অনুসারী নয় (Transgender & Gender Non-Conforming, TGNC) এমন ক্যারিবীয় নিউইয়র্কবাসীদের জীবনকে নিশ্চিত ও সুরক্ষা করার জন্য আমরা নিউইয়র্ক (New York, NY) অঙ্গরাজ্যের আইনসভার প্রতি আহ্বান জানাচ্ছি।"

নিউইয়র্ক ট্রান্সজেন্ডার এডভোকেসি গ্রুপের (New York Transgender Advocacy Group) নীতি ও কর্মসূচি বিষয়ক পরিচালক আমান্দা ব্যাবিন বলেন, "আইনসভার অধিবেশন আর মাত্র সাত দিন বাকি থাকতে সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত সুরক্ষা নিষিদ্ধ করা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেবল চলতি বছর একজনকে এখানে নিউইয়র্কেসহ অশ্বেতাঙ্গ 10 জন ট্রান্সজেন্ডার নারীকে মৃত পাওয়া গেছে। এছাড়াও আমরা অন্যের পক্ষে গর্ভধারণের বৈধতাকে সমর্থন করি যা এখানে নিউইয়র্কে LGBTQI পরিবারগুলোর বিকাশে সহায়তা করবে। এই উভয় বিল নিউ ইয়র্কবাসী LGBTQ সদস্যদের অধিকার বৃদ্ধি করবে। আমরা সবকিছু ঠিক করার জন্য 2020 সাল পর্যন্ত বা আরও বেশি সময় অপেক্ষা করতে পারি না। এ বিষয়ে চ্যাম্পিয়ন হওয়ায় নিউইয়র্ক ট্রান্সজেন্ডার এডভোকেসি গ্রুপ গভর্নর কুওমোর পাশে দাঁড়িয়েছে এবং চলতি বছরের জন্য অ্যালবানি ছাড়ার আগে এসব বিল পাস করতে আমরা আমাদের আইন প্রণেতাদেরকে উৎসাহিত করছি।"

ল্যামডা লিগ্যালের (Lambda Legal) অন্তর্বর্তীকালীন প্রধান নির্বাহী কর্মকর্তা রিচার্ড বার্ন্স বলেন, "অন্যের পক্ষে গর্ভধারণকে বৈধতা দান এবং সমকামী ও ট্রান্সজেন্ডার আতঙ্কজনিত আইনি সুরক্ষা দূর করাটা নিউ ইয়র্কে LGBTQ কমিউনিটি'র জন্য পূর্ণ সমতা আনার ক্ষেত্রে পরবর্তী পদক্ষেপ। এটা অত্যাবশ্যক যে, নিউইয়র্কের LGBTQ ব্যক্তিরা প্রেমময় পরিবার গঠন করতে এবং 'সমকামী আতঙ্ক' ও 'ট্রান্সজেন্ডার আতঙ্ক' ভিত্তিক তথাকথিত সুরক্ষা দ্বারা স্থায়ীভাবে আবর্তিত আমাদের কমিউনিটিগুলোর বিরুদ্ধে পরিচালিত সহিংসতার দুষ্ট চক্র থেকে মুক্ত হতে সক্ষম হবে। আইনসভাকে অবশ্যই অধিবেশন সমাপ্তির আগে এসব বিষয়ে আইন প্রণয়ন করতে হবে, অন্যথায় LGBTQ সমতার ক্ষেত্রে নেতৃস্থানীয় অঙ্গরাজ্য হিসাবে নিউইয়র্ক এর খ্যাতি ধরে রাখতে ব্যর্থতার ঝুঁকিতে পড়বে। ল্যামডা লিগ্যাল এসব বিষয়ের পক্ষে শক্তিশালী অবস্থানের জন্য গভর্নরের প্রশংসা করে।"

প্রশাসন জুড়ে LGBTQ অধিকারের ক্ষেত্রে, বিশেষ করে 2011 সালে বিবাহ সমতা আইন পাস করার মাধ্যমে গভর্নর কুওমো চ্যাম্পিয়ন। চলতি বছর আরও আগে গভর্নর লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে কোনো ব্যক্তির প্রতি বৈষম্য প্রদর্শন প্রতিরোধ করে এবং লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশের ভিত্তিতে করা অপরাধকে নিউইয়র্ক অঙ্গরাজ্যের আইনের অধীনে ঘৃণাজনিত-অপরাধ হিসেবে চিহ্নিত করে লিঙ্গ পরিচিতির ভিত্তিতে বৈষম্যহীনতা আইনে স্বাক্ষর করেন। এছাড়াও শিক্ষা আইনের অধীনে পেশাদারি অসদাচরণের সংজ্ঞা সম্প্রসারিত করে তাতে আঠার বছরের কম বয়সী

কোনো রোগীকে রুপান্তর থেরাপি প্রদান লাইসেন্সধারী পেশাদারদের জন্য অসদাচরণ হিসাবে এর সংজ্ঞা সম্প্রসারিত করতঃ রুপান্তর থেরাপির চর্চা নিষিদ্ধ করেও গভর্নর আইনে স্বাক্ষর করেছেন।

অতি সম্প্রতি, অতি গুরুত্বপূর্ণ সাশ্রয়ী পরিচর্যার আইনের (Affordable Care Act) সংস্থানের সম্ভাব্য রদের আশঙ্কায়, গভর্নর স্বাস্থ্য বিভাগকে (Department of Health) নির্দেশ দেন এমন নিয়ম করতে যেন স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীরা ট্রান্সজেন্ডার রোগীদের প্রতি বৈষম্য প্রদর্শন না করতে পারে এবং আর্থিক সেবা বিভাগকে (Department of Financial Services) নির্দেশ দেন এমন নিয়ম করতে যেন স্বাস্থ্যবীমা পাওয়ার ব্যাপারে ট্রান্সজেন্ডার ব্যক্তিদের প্রতি বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা বৃদ্ধি করা হয়। লিঙ্গ ভিত্তিক বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষায় লিঙ্গ পরিচিতিও অন্তর্ভুক্ত, সাশ্রয়ী পরিচর্যা আইনে উল্লিখিত যে নিয়ম রয়েছে তা রদ করার জন্য ট্রাম্প প্রশাসনের প্রস্তাবনার প্রতি সরাসরি উত্তর হল এসব নির্দেশ। এই সুরক্ষা অপসারণ করা হলে, প্রায় 90,300 ট্রান্সজেন্ডার নিউইয়র্কবাসী অন্যায্য, অমার্জিত এবং অবৈধ বৈষম্যের শিকার হবেন।

2017 সালে ফেডারেল সরকার ট্রান্সজেন্ডার শিক্ষার্থীদের ফেডারেল সুরক্ষা প্রত্যাহার করে নিলে, তার উত্তরে গভর্নর অঙ্গরাজ্যের শিক্ষা বিভাগকে (State Education Department) নির্দেশ দেন স্কুল ডিসট্রিক্টগুলোতে এমন নিয়ম করে দিতে যেন নিউইয়র্ক অঙ্গরাজ্য আইনের অধীন স্কুলগুলোতে ট্রান্সজেন্ডার শিক্ষার্থীরা বৈষম্য ও হয়রানির হাত থেকে সুরক্ষা পায়।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন